# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪১৫

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

الفصل الاول (بَاب الْمَلَاحِم)

---

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يَخْرُجَ رَجُلٌ مِنْ قَحْطَانَ يَسُوقُ النَّاسَ بعصاه» . مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (3517) ومسلم (60 / 2910)، (7308) ـ
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৪১৫-[৬] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: কিয়ামত কায়িম হবে না যতক্ষণ পর্যন্ত না ’কাহতান’ গোত্র হতে এক ব্যক্তির আগমন ঘটবে, সে লোকেদেরকে লাঠি দ্বারা হাঁকিয়ে নিয়ে যাবে। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৫১৭, মুসলিম ৬০-(২৯১০), মুসনাদে আহমাদ ৯৩৯৫, মুসনাদে বাযযার ৮১৬১, সহীহুল জামি' ৭৪২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা : নু'আয়ম ইবনু হাম্মাদ আরতাত ইবনু মুনযির (রহিমাহুল্লাহ)-এর সূত্রে বর্ণনা করেছেন, নিশ্চয় কাহত্বানী ইমাম মাহদী (আঃ) -এর পরে আত্মপ্রকাশ করবে এবং ইমাম মাহদী (আঃ) -এর অনুসারী হবে। আরতাত ইবনু মুনযির-এর অপর বর্ণনায় রয়েছে যে, নিশ্চয় কাহত্বানী লোকটি ২০ বছর যাবৎ রাজত্ব করবে। তবে এটা কঠিন মনে হয় যে, ‘ঈসা আলায়হিস সালাম-এর সময়কালে কাহত্বানী লোকটাকে বিশেষ গুরুত্বপূর্ণ কাজে তার প্রতিনিধি

নিয়োগ করা হবে। (ফাতহুল বারী ৬ষ্ঠ খণ্ড, ৪০৬ পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85393

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন